



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
www.birtan.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৯.০০০০.০০১.১৬.০০১.২১- ৬২২

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি, নির্দেশনা এবং নির্বাচনী এশতেহার-২০১৮ এর বাস্তবায়ন অগ্রগতির
(নভেম্বর ২০২১ মাসের) প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

সূত্র : ০১। কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.১৬.০০১.২১.৪৫, তাং- ২০ জানুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ।
০২। কৃষি মন্ত্রণালয়ের প্রশাসন-৫ অধিশাখার স্মারক নং- ১২.০০.০০০০.০২৪.১৬.০০১.২০.৩১২, তাং- ০৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের বরাতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি, নির্দেশনা এবং নির্বাচনী
এশতেহার-২০১৮ এর বারটান সংশ্লিষ্ট অংশের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (নভেম্বর ২০২১) সদয় অবগতি ও
প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

(মোঃ খোরশেদ আলম এনভিসি)
পরিচালক (যুগ্মসচিব)

E-mail: director@birtan.gov.bd

সিনিয়র সচিব
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, প্রশাসন-৫ অধিশাখা]

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি, নির্দেশনা এবং এবং নির্বাচনী এশতেহার-২০১৮ এর
নভেম্বর ২০২১ মাসের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন।

বারটানের জন্য প্রয়োজ্য সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে উল্লেখ করা হলো।

ক্রঃ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/ নির্দেশনার অনুচ্ছেদ নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/ নির্দেশনা	গৃহীত সিদ্ধান্ত	বারটান কর্তৃক গৃহীত পদক্ষেপ ও বাস্তবায়ন অগ্রগতির
১.	৪.	গবেষণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। কৃষি বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে।	গবেষণামূলক কার্যক্রম ও কৃষি বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে গৃহীত কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্য প্রেরণ করতে হবে।	দেশের ক্রমবর্ধমান জনগোষ্ঠীর পুষ্টিস্তর উন্নয়ন তথা নিরাপদ ও প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে খাদ্যাভিত্তিক পুষ্টি বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। প্রশিক্ষণের মাধ্যমে কৃষকের বসতবাড়িতে এবং শহরাঞ্চলের বাড়ির ছাদে পুষ্টিবাগান সৃষ্টিসহ কোভিড-১৯ বৈশ্বিক মহামারির অভিঘাত মোকাবিলায় জনগণের পুষ্টিস্তর উন্নয়ন তথা ইমিউনিটি বৃদ্ধিতে উদ্বুদ্ধকরণ করার কার্যক্রম চলমান আছে। বর্তমান অর্থ বছর (২০২১-২২) নভেম্বর ২০২১ পর্যন্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ইমাম, পুরোহিত, মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠকর্মী, এনজিও প্রতিনিধি, কৃষাণ-কৃষাণি ও অন্যান্য পেশার কর্মজীবী শ্রমিকসহ মোট ৫০৪৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বারটান ২০১৮ সাল হতে ফলিত পুষ্টি বিষয়ে বিভিন্ন গবেষণা কার্যক্রম স্বল্প পরিসরে চালিয়ে আসছিল। গত ০১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ তারিখে বারটান নবনির্মিত প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জে স্থানান্তরিত হয়েছে। এরই ধারাবাহিকতায় খাদ্যাভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ক ব্যাপক গবেষণা কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। ২০২১-২২ অর্থবছরে ৩২টি গবেষণা প্রস্তাব অনুমোদন করা হয়েছে যেগুলো বাস্তবায়নাধীন রয়েছে।
২.	৮.	খাদ্যাভিত্তিক পুষ্টি চাহিদা পূরণে ফলিত পুষ্টি গবেষণা বৃদ্ধি এবং বাংলামতি ও অন্যান্য স্থানীয় সুগন্ধি চালের জনপ্রিয়তা শহরাঞ্চলে বৃদ্ধির উদ্যোগ নিতে হবে।	পুষ্টি চাহিদা পূরণে ফলিত পুষ্টি গবেষণা বৃদ্ধির হালনাগাদ তথ্য প্রদান অব্যাহত রাখতে হবে।	পুষ্টি চাহিদা পূরণে ফলিত পুষ্টি বিষয়ে গবেষণা বৃদ্ধির লক্ষ্যে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজারে নবনির্মিত বারটান প্রধান কার্যালয়ে গবেষণাগার স্থাপন করা হয়েছে। উল্লেখ্য, বারটানের ২০২১-২২ অর্থবছরের অনুমোদিত ও বাস্তবায়নাধীন ৩২টি গবেষণা দেশের জনগণের ফলিত পুষ্টিজ্ঞানকে আরো সমৃদ্ধ করবে।
৩.	১৬.	কৃষি জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা, অকৃষি কাজে কৃষি জমির ব্যবহার সীমিত রাখা এবং কৃষি জমি যাতে নষ্ট না হয় সে লক্ষ্যে যত্রতত্র স্থাপনা করা যাবে না।	দপ্তর/সংস্থার আওতায় যে সমস্ত জমি রয়েছে তা কৃষি কাজে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।	বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)-এর পরিকল্পিত স্থাপনাগুলো ব্যতীত অবশিষ্ট জমিতে খাদ্যাভিত্তিক ফলিত পুষ্টি বিষয়ক ব্যাপক গবেষণা কার্যক্রমের অংশ হিসেবে বিভিন্ন ফলমূল ও শাক-সবজির প্রদর্শনী তৈরি করা হচ্ছে।